


জাতীয় বিশ্ববিদ্যালয়ে অন-ক্যাম্পাস মাস্টার্সে ভর্তির আবেদন জমার সময় বাড়ল

অনলাইন ডেস্ক

প্রকাশ: ২০ জুন, ২০২৬ ১৬:৩২



জাতীয় বিশ্ববিদ্যালয়

সংগৃহীত ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের অন-ক্যাম্পাস মাস্টার্স (ফাইনাল) প্রোগ্রামে ভর্তির অনলাইন প্রাথমিক আবেদন জমার সময় বাড়ানো হয়েছে। আগ্রহী

শিক্ষার্থীরা আগামী ১৯ জুলাই রাত ১২টা পর্যন্ত আবেদন করতে পারবেন।

এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ভর্তীচ্ছু প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক ওয়েবসাইটে গিয়ে নির্ধারিত ফরম পূরণ করে অনলাইনে প্রাথমিক আবেদন সম্পন্ন করতে হবে।

আবেদনের সঙ্গে প্রাথমিক আবেদন ফি বাবদ এক হাজার টাকা জমা দিতে হবে। প্রার্থীরা সোনালী সেবা অথবা নির্ধারিত মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে আগামী ২৩ জুলাই ২০২৬-এর মধ্যে ফি পরিশোধ করতে পারবেন।

ভর্তি-সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের
ভর্তিবিষয়ক ওয়েবসাইটে পাওয়া যাবে।

সংশোধিত সময়সূচি অনুযায়ী, অনলাইনে আবেদন ফরম
পূরণের শেষ সময় ১৯ জুলাই। আর সোনালী সেবার
মাধ্যমে আবেদন ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৩
জুলাই। আবেদন ফি জমা দেওয়ার সময় পে-স্লিপে
২০২৩-২৪ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর
০২১৮১১০০০০২৭০১ উল্লেখ করে টাকার পরিমাণ
লিখতে হবে।

এদিকে ভর্তির লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ এবং
কেন্দ্র পরে পরবর্তী সময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো
হবে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বিজ্ঞপ্তিতে আরো উল্লেখ করা হয়েছে, গত ২২ ফেব্রুয়ারি
প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তির অন্যান্য সব শর্ত অপরিবর্তিত
থাকবে।